

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩১১

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৩৬. দুই পা গোড়ালি সমেত ধৌত করা ফরয

بَابُ وُجُوبِ غَسْلِ الْقَدَمَيْنِ وَالْعَقِبَيْنِ

আরবী

نَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَّاقُ ، نَا عَلِيُّ بْنُ إِبْرَاهِيمَ الْوَاسِطِيُّ ، نَا الْحَارِثُ بْنُ مَنْصنُورٍ ، نَا عُمْرُ بْنُ قَيْسٍ ، عَنِ ابْنِ شِهَابٍ ، عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ قَالَتْ : كَانَ رَسُولُ اللَّهِ _ عَمْرُ بْنُ قَيْسٍ ، عَنِ ابْنِ شِهَابٍ ، عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ قَالَتْ : كَانَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَتَوَضَّأُ وَيُخَلِّلُ بَيْنَ أَصنَابِعِهِ ، وَيَدْلُكُ عَقِبَيْهِ ، وَيَقُولُ : " خَلِّلُوا بَيْنَ أَصنَابِعِهِ ، وَيَدْلُكُ عَقِبَيْهِ ، وَيَقُولُ : " خَلِّلُوا بَيْنَ أَصنَابِعِكُمْ ، لَا يُخَلِّلُ اللَّهُ تَعَالَى بَيْنَهَا بِالنَّارِ ، وَيْلُ لِلْأَعْقَابِ مِنَ النَّارِ

বাংলা

৩১১(২). উসমান ইবনে আহমাদ আদ-দাক্কাক (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উযুর সময় তাঁর (হাত-পায়ের) আঙ্গুলগুলো খিলাল করতেন এবং পায়ের গোড়ালিদ্বয় মলতেন আর বলতেনঃ তোমরা তোমাদের আঙ্গুলগুলো খিলাল করো, তাহলে আল্লাহ তায়ালা সেগুলোকে শাস্তি দিবেন না। আর পায়ের গোড়ালির জন্য রয়েছে জাহান্নামের শাস্তি।

ফুটনোট

* ইমাম আহমাদ, আমর ইবনে আলী ও ইবনে আবু হাতেম (রহঃ)-এর মতে আমর ইবনে কায়েস পরিত্যক্ত রাবী। তার উপাধি হলো সানদাল (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন